গাংনীতে গাঁজাসহ আটক দুই

মেহেরপুরের গাংনীতে ৫’শ ৪০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। আজ রবিবার সকালে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া দৌলতপুর উপজেলার পার গোয়াল গ্রামের মৃত জাফের মালিথার ছেলে আয়ুব(৫৭) ও একই উপজেলার ভাগজোত লোকনাথপুর গ্রামের সর্দ্দার পাড়ার নজরুল ইসলামের ছেলে মনজিল(৩০)।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মেহেরপুর গাংনী উপজেলার চর গোয়াল গ্রামের সর্দ্দারপাড়া ঈদগাহের পাশে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এস আই সুমন, এ এস আই জামিরুল, এএসআই মহিনুল ও কনস্টেবল আনিসুর রহমানের নেতৃত্বে অভিযান চালিয়ে ৫’শ৪০ গ্রাম গাঁজাসহ আয়ুর ও মনিজিল আটক করে।

আটককৃতদের বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন।

কৃষি ব্যংকের কাথুলী শাখার অনলইন ব্যংকিং কার্যক্রমের উদ্ধোধন

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নে অবস্থিত কাথুলী কৃষি ব্যংক অনলাইন ব্যংকিং কার্যক্রমের প্রাথমিকভাবে উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃস্পতিবার দুপুরে ওই শাখাতে আঞ্চলিক শাখা ব্যবস্থাপক আব্দুল আজিজ উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করা হয়।

এসময় সেখানে উপস্থিত ছিলেন, কৃষি ব্যংকের আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা আব্দুর রশিদ, কাথুলী শাখা ব্যবস্থাপক আনোয়ারুল ইসলাম, সার ও কিটনাশক ব্যবাসায়ী শওকত হোসেন, ব্যবসায়ী আনারুল ইসলাম, সহ ব্যংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে বক্তরা বলেন, দেশের কৃষিখাতে অনবদ্য অবদান রেখে আশা বাংলাদেশ কৃষিব্যংক এখন আরো সহজ সেবা দেওয়ার লক্ষে অর্থলেনদের স্থানটি ডিজিটাল নির্ভর গড়ে তুলতে চাই। সেকারণে ইউনিয়ন পর্যায়ের ব্যংকগুলোতে অনলাইন সেবা চালু করার কাজ চলছে। দেশের প্রতিটি এলকাতে জনগণের দৌড়গোড়ায় ব্যংকিং সেবা পৌছে দেবে কৃষিব্যংক।

মহানবীর (সা.) ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল

রাষ্ট্রীয় মদদে ফ্রান্সে মহানবী হযরত মুহাম্মদ (সা.)এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার রাত ৯ টায় উপজেলার কাথুলী ইউনিয়নের নওয়াপাড়া বাজারে ব্যবসায়ী ও এলাকাবাসির উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সভায় বক্তারা বলেন, ফ্রান্সে রাষ্ট্রীয় মদদে মহানবী হজরত মুহাম্মদ সা:কে কটাক্ষ করে ব্যঙ্গচিত্র প্রদর্শন করা হচ্ছে। এ ধরনের ঘটনা ঘটিয়ে বিশ^ মুসলিমের আবেগ-অনুভূতিতে আঘাত দেয়া হয়েছে। ফলে পুরো মুসলিম উম্মাহই বিক্ষুব্ধ ও প্রতিবাদমুখর হয়ে উঠেছে।

প্রকৃতপক্ষে রাসুলের প্রতি বিদ্বেষপূর্ণ আচরণ বৈশ্বিক জঙ্গিবাদ সৃষ্টির পাঁয়তারা ছাড়া আর কিছু নয়। বিক্ষুব্ধ মুসলমানদের হৃদয়ের ক্ষত মুছতে হলে অবিলম্বে ব্যঙ্গচিত্র প্রত্যাহার ও বিশ^ মুসলমানদের কাছে ফ্রান্সকে রাষ্ট্রীয়ভাবে ক্ষমা চাইতে হবে। তা না হলে সারা দুনিয়ার মুসলমানরা রাজপথে নেমে আসবে।

নওয়াপাড়া বাজারের ব্যবসায়ী লালু মিয়া বলেন, আগামি বিশ্বকাপ ফুটবল খেলায় কেউ যেন ফ্রান্সের পতাকা উত্তোলন না করে এজন্য সকলের

দৃষ্টি কামনা করেন।

এসময় স্থানীয় মসজিদের ইমাম জাহিদুল ইসলাম, নওয়াপাড়া বাজার সাধারন সম্পাদক আরাফাত হোসেন,মিনাজুর রহমান মিলন,আরিফুল ইসলাম,জাহাঙ্গীর আলী,কালু মিয়া সহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

গাংনী সীমান্তে দুই কেজি গাঁজা উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে দুই কেজি গাঁজা উদ্ধার করেছে বিজিবি।

রবিবার সন্ধ্যায় সাড়ে ৭ টায় ধলা মাঠ এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় গাঁজা উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে: কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, ধলা বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ সোলায়মান হোসেনের নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে ধলার মাঠ নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন অবস্থায় ভারতীয় ২কেজি গাঁজা উদ্ধার করা হয়।

এ ঘটনার সাথে জড়িতদের সনাক্ত করার চেষ্টা চলছে। উদ্ধারকৃত দুই কেজি গাঁজা আনুমানিক মূল্যে প্রায় ৫৬ হাজার টাকা।

গাংনীর রামনগরে যুবলীগের জিয়ার বল প্রদান

গাংনী উপজেলার ৪ নং বামন্দী ইউনিয়নের রামনগর গ্রামের ফুটবল খেলোয়াড়দের মাঝে বামন্দী ই্উনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ও

ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক জিয়ারুল হক একটি ফুটবল প্রদান করেছে।

গতকাল শনিবার বিকালে রামনগর ফুটবল মাঠে বল প্রদানের সময় উপস্থিত ছিলেন, বামন্দী ইউনিয়নের রামনগর ওয়ার্ডেও ইউপি সদস্য মোঃ হাবিল, সাবেক ইউপি সদস্য মোঃ পান্না, ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলীম এছাড়াও আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ স্থানীয় নেতাকর্মীরা।

নির্যাতনের প্রতিশোধ নিতে স্বামীর বিরুদ্ধে স্ত্রীর ভিন্ন অভিযোগ

বড় ভাই মোমিনের উপর অভিমান করে মাঠে গিয়ে বিষ পান করে ছোট ভাই ওমর ফারুক । এ ঘটনা ভিন্ন দিকে ঘুরাতে এবং স্বামীকে শাসন করার জন্যই মা সাবিনা খাতুন স্বামীর বিরুদ্ধে অভিযোগ করেন ‘বাবা কর্তৃক ছেলের মুখে বিষ ঢেলে দেয়ার।

এ গল্প এলাকায় ছড়িয়ে পড়লে শুরু হয় নানা গুঞ্জন। স্বামী কর্তৃক নির্যাতনের কারণে এক রকম প্রতিশোধ নিতেই ছেলের মুখে বিষ ঢেলে দেয়ার বানোয়াট কথা প্রচার করা হয়েছে বলে অবশেষে স্বীকার করেন শিশু ওমর ফারুকের মা সাবিনা খাতুন। এখন নিজের ভুল স্বীকার করে অনুতপ্ত হচ্ছেন তিনি। ঘটনাটি ঘটেছে ২০ অক্টোবর মেহেরপুরের গাংনী উপজেলার শহড়াতলা গ্রামের ভিটাপাড়ায়।

বিষপান করে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরে শিশু ওমর ফারুক প্রকৃত ঘটনা জানান এলাকাবাসীর কাছে, তার বড় ভাই মোমিন একজন বুদ্ধি প্রতিবন্ধী। কারণে অকারণে মাঝে মধ্যেই মারধর করতো ওমর ফারুক কে।

ঘটনার দিন তাকে মারধর করে বড় ভাই। বড় ভাইয়ের ওপর ক্ষোভ করে বাড়ির পাশের একটি মাঠে পরিত্যাক্ত অবস্থায় পড়ে থাকা বিষের বোতলে

পানি ঢেলে ঝাকিয়ে সেই পানি পান রে। এ সময় মা সাবিনা খাতুন বাড়ি ছিলেন না। পরে মা এসে বাবার নামে বিভিন্ন অভিযোগ করেন এবং আমার মুখে বিষ ঢেলে দিয়েছে বলে প্রচার করেন। আমার বিষপানের কথা শুনে আমাকে ঘরে আটকিয়ে রাখে আমার বাবা মজিবর রহমান। ঘন্টা খানেক পর আমার বড় বোন এসে আমাকে হাসপাতালে নিয়ে যায়। আমার বড় বোন না আসলে আমার মৃত্যু হয়ে যেত বলেও জানায় ওমর ফারুক।

তবে এলাকাবাসীরা জানায়, মজিবর রহমান স্ত্রী সাবিনার ওপর মানসিক ও শারীরিক নির্যাতন করে আসছে। তবুও নিজের মানসম্মান ঘুছিয়ে মজিবর রহমানের সংসার করছে সাবিনা খাতুন। প্রতিবেশিরা আরো জানায় সাবিনাকে রেখে তার স্বামী মজিবর একাধিক বিয়ে করেন। যার ফলে সাবনিার ওপর চলে অমানসিক নির্যাতন।

সাবিনা খাতুন জানান, আমার চার ছেলে-মেয়ের সংসার। আমার স্বামী মজিবর আমার ওপর কারণে অকারণে প্রায় নির্যাতন চালাতো। প্রায় নয় মাস আগে আমাকে সাবল দিয়ে মারধর করে মাথা ফাটিয়ে দেয় এবং আমার পেটে সাবল দিয়ে আঘাত করে। তারপরে সে আমাকে বাবার বাড়ি তাড়িয়ে দেয়। এ ছাড়াও অন্য পুরুষের সাথে সম্পর্ক আছে বলেও মিথ্যা অপবাদ দেয়। এ কারণেই স্বামীকে শাসন করার জন্যই ছেলের মুখে বিষ ঢেলে দেয়ার কথা বলেছি।

ওমর ফারুকের বাবা মজিবর রহমান জানান, স্ত্রী সাবিনা খাতুনের বিষয়ে আমার সন্দেহ হয়। এমন বিষয় নিয়ে পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতিতে অভিযোগ করা হয়। সেখানে নিজের দোষ স্বীকার করে স্বাভাবিকভাবে চলাফেরা করবে মর্মে স্বীকার করলে সাবিনাকে বাড়ি আনা হয়।

কিন্তু ছেলের বিষপানের কারণে স্ত্রী পুরাতন হিসেব করবে তা জানা ছিল না। তার হুমকির কারণে গাংনী থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়। তবে স্বামী-স্ত্রীর বিষয়ে শিশু সন্তানদের নিয়ে কাদা ছোড়াছুড়ি ভালো নয় বলে জানান এলাকাবাসী।

মেহেরপুরের গাংনীতে ফেন্সিডিল সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৫২ বোতল ফেন্সিডিলসহ ইন্তাজ আলীর ছেলে মুন্নাত আলী (৩৬) কে আটক করেছে মেহেরপুর জেলা ডিবি পুলিশ।

শনিবার বিকেলে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে মেহেরপুর গাংনী উপজেলার নওদাপাড়া পিরতলা মাঠ এলাকায় এ অভিযান চালানো করা হয়।

এ সময় তিনি বলেন, আমাদের কাছে গোপন সংবাদ আসে গাংনী উপজেলার নওদাপাড়ার পিরতলা মাঠে একটি মাদকের চালান হবে, এমন সংবাদের ভিত্তিতে আমরা দীর্ঘক্ষণ আভিযান চালিয়ে ইন্তাজ আলীর ছেলে মুন্নাত আলী (৩৬) কে ৫২ বোতল ফেন্সিডিলসহ আটক করতে সক্ষম হয়।

এবং তিনি আরও যানান,এই ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে খেজুর গাছ কাটা নিয়ে ব্যস্ত গাছিরা

মেহেরপুর জেলার গাংনী উপজেলার জুগীন্দা গ্রামের মৃত সামছদ্দীনের ছেলে মকলেচু রহমান, বিগত ১০বছর যাবত নিজের জমিতে লাগানো ৫০টি খেজুর গাছ কাটে রস ও গুড় বিক্রয় করে। প্রতিদিন ১০-১২ কেজি গুড় হয়। প্রতি কেজি ১৪০টাকা দরে বিক্রয় করে।

বাংলা কার্তিক মাসে শীতের আমেজ পড়লেই গাছে কাটার প্রস্ততি শুরু করেন। অগ্রহায়ণ মাস থেকে শুরু করে চৈত্র মাসের মাঝামাঝি পর্যন্ত খেজুর গাছ থেকে রস সংগ্রহ করেন।

গাংনী বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায় বর্তমান খেজুর গাছের পরিমাণ দিন দিন কমে যাচ্ছে,গাচ্ছিদের সংখ্যাও কমে আসছে দিন দিন অনেক গাছি বলেন, সরকারী সাম্যন্য সাহায্য সহযোগিতা পেলেও খেজুরের গুড়

তৈরীতে আগ্রহী হবেন অনেক, দেশের চাহিদা মিটিয়ে রপ্তানি সম্ভব হবে বাইরের দেশেও। জীবন-জীবিকা নির্বাহ করে থাকে।

প্রতিদিন রস জালিয়ে গুড়করে বিক্রয় মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেনী পেশার মানুষেরা মকলেচুরের কাছে থেকে গুড় সংগ্রহ করে থাকে।

ডা: আবু তাহের সিদ্দিক জানান, আমি প্রতি বছর আমার পরিবারের জন্য মকলেচুরে কাছে থেকে খেজুর গুড় নিয়ে থাকি সবচেয়ে বড় কথা তার কাছে নির্ভেজাল গুড় পাওয়া যায়।

গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম জানান বর্তমান সময়ে সস্পৃর্ণ নির্ভেজাল গুড় পাওয়া প্রায় অসম্ভব। তার পরেও মকলেচুরের কাছে নির্ভেজাল গুড় পাওয়া যায়।

মেহেরপুর ইয়ুথ কনফারেন্স এর আহবায়ক কমিটি গঠন

আজ(০৭ই নভেম্বর ২০২০) গাংনী দি হাঙ্গার প্রজেক্ট এরিয়া অফিসে আহবায়ক কমিটি গঠন করা হয়।

সকলের আলোচনার ভিত্তিতে মেহেরপুর জেলা কো-অর্ডিনেটর ফিরোজ আহমেদ পলাশকে আহবায়ক ও আশিক আলীকে সদস্য সচিব করে ১৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

উল্লেখ্য আগামী বছর ২০ই ডিসেম্বর ২০২০ইং তারিখে মেহেরপুর ইয়ুথ কনফারেন্সে (MYC) করার সিধান্ত নিয়েছে আহবায়ক কমিটি। রেজিষ্ট্রেশন ফি নির্ধারণ করেছে ১৫০৳ টাকা মাত্র।

এ সময় উপস্থিত ছিলেন, ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর সাবেক আঞ্চলিক সমন্বয়কারী মাহফুজ রাব্বি অনিক, বর্তমান আঞ্চলিক সমন্বয়কারী রাকিবুল ইসলাম রকি, দি হাঙ্গার প্রজেক্ট উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন সহ, এছাড়া মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিটের ইয়ুথ লিডারবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[